

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও ভূগোল
সপ্তম শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ ভূভাগ ভাঁজ খেয়ে উপরের দিকে উঠে যে পর্বত সৃষ্টি করে তার উদাহরণ হলো —

- ক) সাতপুরা
- খ) ভোজ
- গ) কিলিমাঞ্জারো
- ঘ) হিমালয়

১.২ ঠিক জোড়াটি নির্বাচন করো —

- ক) নদীর উচ্চপ্রবাহ — ভূমির ঢাল কম
- খ) নদীর উচ্চপ্রবাহ — নদীর প্রধান কাজ ক্ষয়
- গ) নদীর নিম্নপ্রবাহ — ভূমির ঢাল বেশি
- ঘ) নদীর নিম্নপ্রবাহ — নদীর প্রধান কাজ বহন

১.৩ আফ্রিকা মহাদেশের মাঝ বরাবর পূর্ব-পশ্চিমে বিস্তৃত কাল্পনিক রেখাটি হলো —

- ক) কর্কটক্রান্তি রেখা
- খ) মকরক্রান্তি রেখা
- গ) মূলমধ্যরেখা
- ঘ) বিষুবরেখা

২. বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো:

২.১ ব্যবচ্ছিন্ন মালভূমির একটি উদাহরণ হলো ছোটনাগপুর মালভূমি।

২.২ শীতল ও শুষ্ক জলবায়ুতে মাটি সৃষ্টি হতে বেশি সময় লাগে।

২.৩ জুলাই মাসে উত্তর আফ্রিকায় যখন গ্রীষ্মকাল, দক্ষিণ আফ্রিকায় তখন শীতকাল।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ সুউচ্চ হিমালয় পর্বত কীভাবে আমাদের দেশের জলবায়ুকে প্রভাবিত করে?

৩.২ মাটির দানার আকারের উপর ভিত্তি করে মাটির শ্রেণিবিভাগ করো। প্রতিটি শ্রেণির একটি করে বৈশিষ্ট্য লেখো।

৪. আফ্রিকা মহাদেশের নিরক্ষীয় অঞ্চল ও ভূমধ্যসাগর সন্নিহিত অঞ্চলের স্বাভাবিক উদ্ভিদ কীভাবে জলবায়ু দ্বারা নিয়ন্ত্রিত তা ব্যাখ্যা করো।